[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ বুধবার (৭ সেপ্টেম্বর) দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় ধানখোলা ইউনিয়ন পরিষদ এ আয়োজন করে।

ধানখোলা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথি ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম।

কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন, ইউ,পি সচিব মোঃ মতিয়ার রহমন,ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সভাপতি অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ আজিজুল হক,ধানখোলা ইউনিয়ন সুশাসনের জন্য নাগরিক সুজনের সভাপতি মোঃ রফিকুল ইসলামসহ ইউপি সদস্য, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন গ্রামের গন্যমান্য ব্যাক্তি প্রমুখ।

দিনব্যাপি আয়োজিত পরিকল্পনা কর্মশালা পরিচালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট এর প্রশিক্ষন বিভাগের প্রশিক্ষক সুখময় পাল।

পরিকল্পনা কর্মশালায় এসডিজি স্থানীয়করণে পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা নির্ধারণে স্থানীয় সম্পদ ও নেতৃত্ব, এবং সরকারি বরাদ্দের যথাযথ ব্যবহার করে ইউনিয়নের অগ্রাধিকার প্রাপ্ত সমস্যা সমাধান করার ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

আলোচনা শেষে ইউপি সদস্য ও পেনেল চেয়ারম্যান -২ মোঃ আবু সাইদ টোকনে সভাপতি করে ২১ সদস্য বিশিষ্ট পঞ্চ বার্ষিক পরিকল্পনা প্রনয়ন কমিটি গঠন করা হয়েছে।

গাংনীতে জামাইয়ের রডের আঘাতে ভাঙল শশুরের হাত

স্ত্রীকে না পেয়ে রড দিয়ে পিটিয়ে শশুরের হাত ভাঙলেন জামায়। আহত শশুর মোহন আলী (৪৫) গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

আজ বুধবার (৭ সেপ্টেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলার রামনগর

গ্রামে এ ঘটনা ঘটে।

মোহন আলী বলেন, আমার মেয়ে শাপলা খাতুনের সাথে সহড়াতলা গরীবপুর গ্রামের এনামুল হকের ছেলে রাজন প্রেমের সম্পর্ক ধরে ৪ বছর পূর্বে জোর করে তুলে নিয়ে গিয়ে বিয়ে করে। বিয়ের পর থেকে তার উপর অকথ্য নির্যাতন করে আসছে রাজন। বর্তমানে তার একটি ছেলে হয়েছে। নির্যাতন সইতে না পেরে মেয়ে আমার বাড়িতে চলে এসেছে।

আজ বুধবার সকালের দিকে রাজন আমার বাড়িতে এসে অকথ্য ভাষায় গালিগালাজ শুরু করে। এসময় তাকে নিষেধ করলে রড দিয়ে আমার উপর হামলা করে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক আদিলা আজহার বলেন, আহতের বাম হাত ভেঙ্গে যায়। হাসাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

গাংনীতে শিক্ষার্থী নির্যাতনের প্রতিবাদ করায় সহকারী শিক্ষককে পেটালেন প্রধান শিক্ষক

গাংনী উপজেলার রাধাগোবিন্দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের নির্যাতনের প্রতিবাদ করায় মিরাজ শরিফ নামের এক সহকারি শিক্ষককে পিটিয়ে জখম করেছে প্রধান শিক্ষক হাবিবুর রহমান। এমন অভিযোগ করে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বরাবর লিখিত অভিযোগ করেছেন আহত শিক্ষক মিরাজ শরিফ। আহত শিক্ষক গাড়াবাড়িয়া গ্রামের মৃত নজিবর রহমানের ছেলে।

আজ বুধবার বেলা ১১ টার সময় বিদ্যালয় মাঠে এমন ঘটনা ঘটে। ঘটনা তদন্তে দুই সদস্য বিশিষ্ট একটি কমিটি করা হয়েছে। ঘটনার সত্যতা পাওয়া গেলে বিভাগীয় শাস্তির আওতায় আনা হবে বলে জানান উপজেলা শিক্ষা অফিসার।

জানাগেছে, গত ৫ সেপ্টেম্বর সকালের দিকে বিদ্যালয়ের দ্বিতীয়

স্বেচ্ছায় বিদ্যালয় ছেড়ে চলে যাব।

গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শাজাহান রেজা জানান, আহত শিক্ষক মিরাজ শরিফ আভিযোগ করেছেন। তার অভিযোগের ভিত্তিতে দুই সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি করে দেয়া হয়েছে। প্রতিবেদন পেলে জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করা হবে। তিনিই অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেবেন।

গাংনীর সাহারবাটি ইউনিয়নে পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে প্রত্যাশা ভিত্তিক জনঅংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়ন পরিষদের হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার(৬ সেপ্টেম্বর) দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় সাহারবাটি ইউনিয়ন পরিষদ এ আয়োজন করে।

সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান মশিউর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথি ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম। কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন, ইউ,পি সচিব মোঃ আব্দুল মতিন,হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক মোঃ মনিরুজ্জামান মনি প্রমুখ।

দিনব্যাপি আয়োজিত পরিকল্পনা কর্মশালা পরিচালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট এর প্রশিক্ষন বিভাগের প্রশিক্ষক সুখময় পাল।

পরিকল্পনা কর্মশালায় এসডিজি স্থানীয়করণে পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা নির্ধারণে স্থানীয় সম্পদ ও নেতৃত্ব, এবং সরকারি বরাদ্দের যথাযথ ব্যবহার করে ইউনিয়নের অগ্রাধিকার প্রাপ্ত সমস্যা সমাধান করার ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

[redacted]

[redacted]

স্বাক্ষরিত জমা দেওয়া হয়েছে। পরে এগুলো যাচাই বাছাইয়ে জাল পাওয়া গেছে।

সাবরেজিস্ট্রার মাহফুজ রানা জালিয়াত চক্রের হোতা আবুল কাশেমের নামে রেজিস্টারিং অফিসারের রেকর্ড ও নামজারির সঠিকতা যাচায়ের জন্য ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এবং তার জাতীয় পরিচয়পত্র যাচাইয়ের জন্য নির্বাচন কমিশনের ডাটাবেইজে কোন তথ্য পাওয়া যায়নি।আবুল কাশেমের দাখিল করা কাগজপত্র ও ব্যক্তির পরিচয় যাচাইও সম্ভব হয় না।

পরে দলিল এবং এল টি (ল্যান্ড ট্রান্সফার) নোটিশের সাথে সংযুক্ত জাল রেকর্ড ও জাল দাখিলা সমূহ জব্দ করা হয়েছে। তবে, বিষয়টি বুঝতে পেরে আবুল কাশেম পালিয়ে যায়।

জালিয়াতির ঘটনাটি সাধারণ ডায়েরি ভুক্ত করার জন্য আজ ৬ সেপ্টেম্বর) বিকাল গাংনী থানায় অভিযোগপত্র দেওয়া হয়েছে।

এব্যাপারে সাব-রেজিস্ট্রার মো. মাহফুজ রানা বলেন, “সরকারি খাস জমি বা অর্পিত সম্পত্তি কোন ভাবেই হস্তান্তরযোগ্য নয়। কেউ জালিয়াতি করে রেকর্ড সৃজন করলে আমাদের কাছে কোন ডাটাবেইজ নেই যে ধরা যাবে। আবার, নিবন্ধন বিধিমালার বিধি ৪২ এ রেজিস্টারিং অফিসারের দায়মুক্তি থাকলেও আমরা সদা সচেতন থাকি।

ঘটনাটি সরকারি স্বার্থ সংশ্লিষ্ট হওয়ায় জেলা রেজিস্ট্রারের মাধ্যমে জেলা প্রশাসকের নিকট অভিযোগটি জব্দকৃত কাগজপত্র ও দলিল সহ

গাংনীতে বেকারী ও ফার্মেসীতে ভোক্তা অধিকারের অভিযান ও জরিমানা

গাংনী উপজেলার বামন্দীতে মেসার্স ফাইভ স্টার ফার্মেসী ও মেসার্স এফ রহমান নামের একটি বেকারী কারখানায় অভিযান চালিয়ে ১০ হাজার

টাকা করে ২০ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্যদ্রব্য প্রস্তুত ও সংরক্ষণ এবং পণ্যের গায়ের উৎপাদন মেয়াদ না লেখার অভিযোগে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭. ৪৩ ধারায় বেকারীর মালিক প্রদীপ কুমার শাহাকে ১০ হাজার টাকা ও বিক্রয় নিশিদ্ধ ওষধের স্যাম্পল বিক্রি ও মেয়াদ উত্তীর্ণ ওষধ থাকার অপরাধে একই আইনের ৩৭.৫১ ধারায় ফআভি স্টার ফার্মেসীর মালিক শরিফুল ইসলামকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলার সহকারী পরিচালক সজল আহমেদ এই দুটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে এ জরিমানা করেন। এসময় তাদের স্বাস্থ্য বিধি ও আইন মেনে ব্যবসা পরিচালনা করার নির্দেশ দেন।

এসময় বিসিআইসি অনুমোদিত কয়েকটি সার ডিলার ও খুচরা ব্যবসায়ীর দোকানেও অভিযান চালান এ টিমটি।

এসময় কৃষি বিপনন জেলা কর্মকর্তা তারিকুল ইসলাম ও জেলা স্যানিটারী ইন্সপেক্টর মো: তাজিমুল হকসহ পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন।

গাংনীতে ছাগল চুরি করে পালানোর সময় তিন চোর আটক, ছাগল ও ইজিবাইক জব্দ

ছাগল চুরি পালানোর সময় ধরা পড়লো তিন ছাগল চোর। এসময় তাদের কাছ থেকে একটি ছাগল ও ইজিবাইক জব্দ করেছে পুলিশ।

গাংনী থানার ভবানীপুর পুলিশ ক্যাম্পের সামনে দিয়ে যাওয়ার সময় ভবানীপুর গ্রামের মধ্যে থেকে তাদের আটক করেন পুলিশ।
আটকরা হলেন কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার তারাগুনিয়া গ্রামের

মন্ডলপাড়া এলাকার রাকিবুল ইসলামের ছেলে মামুন (২৪). তোফাজ্জেল হোসেনের ছেলে মো: রানা (২৫) ও আলম হোসেন মালিথার ছেলে সজল হোসেন (২৪)।

ছাগল চুরির অভিযোগ এনে এই তিন জনের বিরুদ্ধে এ উপজেলার বাওট গ্রামের আবুল কালাম আযাদ বাদী হয়ে দন্ডবিধির ৩৭৯ও ৪১১ ধারায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং ৫, তারিখ ০৫/০৯/২০২২ ইং।

এ মামলায় তাদের আটক দেখিয়ে আজ মঙ্গলবার (৬ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর আদালতে পাঠানো হয়েছে।
ভবানীপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রাইহ্যান বলেন, একটি ইজিবাইকে করে ওই তিন যুবক একটি ছাগল নিয়ে যাওয়ার সময় টহল পুলিশের সামনে পড়ে। পুলিশের সন্দেহ হলে তাদের চ্যালেঞ্জ করা হয়। এসময় তারা পলানোর চেষ্টা করেন। এসময় তাদের তাড়া দিয়ে আটক করা হয়।

পরে খবর পেয়ে ছাগলের মালিক বাওট গ্রামের আবুল কালাম ছাগল সনাক্ত করে এবং তিনজনকে আসামি করে চুরির অপরাধ এনে একটি মামলা দায়ের করেন।

গাংনীর খাঁসমহলে সাপের কামড়ে কৃষকের মৃত্যু

বিছানা থেকে সাপের কামড়ে মারা গেছেন জয়নাল হোসেন (৫২) নামের এক কৃষক। জয়নাল হোসেন গাংনী উপজেলার খাঁসমহল গ্রামের মৃত আব্দুল কাদের মুন্সীর ছেলে। সে পেশায় একজন কৃষক। তিন সন্তানের জনক সে।

আজ সোমবার (৫ সেপ্টেম্বর) ভোর রাতের দিকে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে মারা যান তিনি। রবিবার দিবাগত রাত ১১ টার দিকে তার নিজ ঘরে ঘুমিয়ে থাকা অবস্থায় বিছানা থেকে সাপে কাটে তাকে। এসময় পরিবারের লোকজন তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন। সাপটিকে ধরে পরিবারের লোকজন মেরে ফেলেন।

পরিবারের উদ্ধৃতি দিয়ে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনীতে বিষপানে যুবকের মৃত্যু, গৃহবধুর আত্মহত্যার চেষ্টা

বাবার সাথে ঝগড়ার জের ধরে বিষপান করার ৬ দিন পর মারা গেছেন নুর নবী(২২) নামের এক যুবক।
গত আগষ্ট মাসের ২৯ তারিখে বাবার সাথে ঝগড়ার জের ধরে নুন নবী বিষ পান করেন। দীর্ঘ ৬ দিন চিকিৎসার পর শনিবার
(৩ সেপ্টেম্বর) রাত আনুমানিক ৮ টার দিকে কৃুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় গাংনী বাজারের উপর মারা যায় সে।
নুর নবী গাংনী উপজেলার কসবা মাঝেরপাড়া এলাকার মর্তেজ মিস্ত্রির ছেলে। সে নিজেও পেশায় রাজমিস্ত্রি ছিলেন।
জানা গেছে, বাবার সাথে ঝগড়ার জের ধরে সে বিষপান করেছিলো। ৬ দিন গাংনী উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসার পর আজকে তার শারীরিক অবস্থার অবনতি ঘটে। ফলে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।
শনিবার বিকালের দিকে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার সময় গাংনী বাজারের উপর মারা যায় সে।
এদিকে পারিবরিক কলহের জের ধরে মুন্নি খাতুন (৩৫) নামের এক গৃহবধু গলাই দঁড়ি দিয়ে আত্মহত্যার চেষ্টা চালিয়েছে।
মুন্নি খাতুন গাংনী উপজেলার চাঁদপুর গ্রামের রাশিদুল ইসলামের স্ত্রী।
শনিবার বিকালে পারিবরিক কলহের জের ধরে সে গলাই দড়ি দিয়ে আত্মহত্যার চেষ্টা করে। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক আবির হাসান তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।